



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং বশিবো/পনি/জেএসসি/২০১৬/১৩০৯

তারিখঃ ১৮ কার্তিক, ১৪২৩ বঙ্গাব্দ
০২ নভেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ

জেএসসি পরীক্ষা-২০১৬

কেন্দ্রসচিবগণের জন্য জরুরি বিজ্ঞপ্তি

বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন ২০১৬ সালের জেএসসি পরীক্ষার কেন্দ্রসচিবগণকে জানানো যাচ্ছে যে, ১। লক্ষ করা গেছে কোনো কোনো কেন্দ্রের কেন্দ্রসচিব পরীক্ষা পরিচালনায় “জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা-২০১৬ পরিচালনা সংক্রান্ত নীতিমালা” যথাযথভাবে অনুসরণ করছেন না। এতে করে সুষ্ঠু, সুন্দর ও মানসম্পন্ন পরীক্ষার লক্ষ্য ব্যাহত হচ্ছে। এ বিষয়ে সংশ্লিষ্ট কেন্দ্রসচিবগণকে সচেতন থাকতে অনুরোধ করা হলো।

২। প্রতিদিন পরীক্ষা শুরু হওয়ার ৩০ (ত্রিশ) মিনিটের মধ্যে উপস্থিত ও অনুপস্থিত পরীক্ষার্থীদের তথ্য এবং পরীক্ষা শেষ হওয়ার ১৫ (পনের) মিনিটের মধ্যে বহিষ্কারের তথ্য যথা নিয়মে এসএমএস ও www.barisalboard.gov.bd / JSC Center Report Panel এ প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি জরুরি।

চেয়ারম্যানের নির্দেশক্রমে

প্রফেসর মুহাম্মদ শাহ আলমগীর-১২৪০

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড

বরিশাল

টেলিফোন : ০৪৩১-৬৪০৮৫

ই-মেইল- barisalboard@gmail.com